দৈনিক খবর

তারিখ ... 07 OCT 1990 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

৬

১৫

# প্রশ্নপত্র যথাসময়ে ছাপা হয়নি ঃ ডিগ্রী পরীক্ষা ডিসেম্বরে

।। মাহফুজুর রহমান ।।

সরকারী প্রেসে প্রশ্নপত্র যথাসময়ে ছাপা না হওয়ায় এবারের ডিগ্রী পরীক্ষা স্থগিত করতে হয়েছে। কবে এ পরীক্ষা হবে তাও অনিশ্চিত। তবে ডিসেম্বরের প্রথম সপ্তাহে হতে পারে বলে জানা গেছে।

সংশ্লিষ্ট সূত্র জানায় ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ডিগ্রী (পাস) পরীক্ষা আজ ৭ই অক্টোবর থেকে অনুষ্ঠিত হবার কথা ছিল। কিন্তু বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ইতিপূর্বে এক ঘোষণায় অনিবার্য কারণবশতঃ এ পরীক্ষা স্থগিত ঘোষণা করেছেন। এখন পর্যন্ত স্থগিত ঘোষণার কোন কারণ সম্পর্কে কর্তৃপক্ষ কিছু বলেননি। তবে অনেক আগেই শিক্ষকরা প্রশ্নপত্র তৈরী করে পাঠালেও তা প্রেসে এখনও

২-এর পাতায় দেখুন

## প্রশ্নপত্র

প্রথম পৃষ্ঠার পর

ছাপা সম্পন্ন হয়নি এবং এ কারণেই পরীক্ষা স্থগিত ঘোষণা করতে হয়েছে বলে জানা গেছে। পুনরায় এ পরীক্ষা কবে নেয়া হবে সে ব্যাপারে এখনও কোন চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। ছাত্র-ছাত্রীদের পরীক্ষার ফর্ম পূরণ ও টাকা জমা দেয়াসহ পরীক্ষার সকল প্রস্তুতি এখন সম্পন্ন। কিছুদিন আগে রেফার্ড পরীক্ষার্থীদের ফলাফলও ঘোষণা করা হয়েছে। এ অবস্থায় শুধুমাত্র প্রশ্নপত্র ছাপা না হবার কারণে পরীক্ষা অনিশ্চিত হয়ে পড়েছে। বিশ্ববিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের পিছিয়ে পড়া সেশন আরো পিছিয়ে যাচ্ছে। ছাত্র-ছাত্রীরা জেনেছে, রেফার্ড পরীক্ষার ফল প্রকাশে বিলম্বের কারণে ৭ই অক্টোবর থেকে ডিগ্রী পরীক্ষা নেয়া যাচ্ছে না কিন্তু প্রকৃত কারণ তা নয়।

ডিগ্রী পরীক্ষা পিছানোর কারণ সম্পর্কে গতরাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের সাথে যোগাযোগ করলে তিনি জানান, কি কারণে পিছানো হয়েছে তা কখনও বলব না। তবে রেফার্ড পরীক্ষার সাথে ডিগ্রী পরীক্ষা পিছানোর কোন সম্পর্ক নেই বলে তিনি জানান।

জানা গেছে, আগামী ডিসেম্বরের প্রথম সপ্তাহে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী (পাস) পরীক্ষা অনুষ্ঠিত হবে। আগামী ৬ অথবা ৮ই ডিসেম্বর পরীক্ষা শুরুর তারিখ হতে পারে।